



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৩ নভেম্বর ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

### খাগড়াছড়িতে সেনাবাহিনী কর্তৃক ইউপিডিএফ-এর কেন্দ্রীয় সদস্য উজ্জ্বল স্মৃতি চাকমাসহ ৬ নেতা-কর্মীকে গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ

#### গ্রেফতারকৃতদের অবিলম্বে নিঃশর্ত মুক্তির দাবি

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলার দায়িত্বপ্রাপ্ত প্রধান সংগঠক প্রদীপন খীসা সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে আজ রবিবার, ১৩ নভেম্বর ২০১৬ দুপুরে খাগড়াছড়ি সদর উপজেলার পেরাছড়া ইউনিয়নের গিরিফুল এলাকা থেকে সেনাবাহিনী কর্তৃক ইউপিডিএফের কেন্দ্রীয় সদস্য ও খাগড়াছড়ি জেলা সমন্বয়ক উজ্জ্বল স্মৃতি চাকমাসহ ৬ নেতা-কর্মীকে গ্রেফতার ও বিকালে শহরের অনন্ত মাষ্টার পাড়ায় একটি বাসায় তালা ভেঙে তল্লাশি ও জিনিসপত্র লুটের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং গ্রেফতারকৃতদের অবিলম্বে নিঃশর্ত মুক্তির দাবি করেছেন।

বিবৃতিতে তিনি কোন প্রকার ওয়ারেন্ট ছাড়াই অন্যায়াভাবে নেতা-কর্মী গ্রেফতারের ঘটনাকে ন্যাক্কারজনক উল্লেখ করে বলেন, পার্বত্য চট্টগ্রামে নিপীড়িত জনগণের ন্যায়সঙ্গত আন্দোলনকে দমনের লক্ষ্যে সরকার সেনাবাহিনীকে লেলিয়ে দিয়ে পরিকল্পিতভাবে ইউপিডিএফ ও তার সহযোগী সংগঠনের নেতা-কর্মী ও সমর্থকদের অন্যায়াভাবে গ্রেফতার, নির্যাতন ও হয়রানি করছে। এর মাধ্যমে সরকারের চরম ফ্যাসিস্ট চরিত্রই উন্মোচিত হয়ে পড়ছে।

অন্যায় ধরপাকড় ও দমন-পীড়ন চালিয়ে ইউপিডিএফের ন্যায়সঙ্গত আন্দোলন স্তব্দ করা যাবে না মন্তব্য করে বিবৃতিতে তিনি বলেন, গঠনলগ্ন থেকে ইউপিডিএফ পার্বত্য চট্টগ্রামের জনগণের ন্যায্য দাবি আদায়ের জন্য নানা ঘাত-প্রতিঘাত ও বাধা-বিপত্তি মোকাবিলা করে আন্দোলন চালিয়ে যাচ্ছে। কোন অপশক্তিই ইউপিডিএফের এই আন্দোলনকে দমিয়ে রাখতে পারেনি, ভবিষ্যতেও পারবে না। সরকার যদি জোরজবরদস্তি করে ন্যায়সঙ্গত আন্দোলন দমনের চেষ্টা চালায় তাহলে উদ্ভূত সকল পরিস্থিতির জন্য সরকারকেই দায়ী থাকতে হবে।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা অবিলম্বে উজ্জ্বল স্মৃতি চাকমাসহ গ্রেফতারকৃত সকল নেতা-কর্মীদের নিঃশর্ত মুক্তি, অন্যায় ধরপাকড় ও আন্দোলন দমনের ষড়যন্ত্র বন্ধের দাবি জানান। অন্যথায় পার্বত্য চট্টগ্রামের জনগণকে সাথে নিয়ে ইউপিডিএফ কঠোর কর্মসূচি ঘোষণা করতে বাধ্য হবে বলে হুঁশিয়ারী উচ্চারণ করেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।